



জর্ডানে গির্জায় বন্দুকধারীদের গুলিতে নিহত ৭, আহত ৩৪



ছবি: সংগৃহীত

জর্ডানের কারাক গভর্নরেটের একটি গির্জায় বন্দুকধারীদের হামলায় অন্তত সাতজন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরও ৩৪ জন। গির্জায় শেষকৃত্যানুষ্ঠান চলার সময় এ হামলার ঘটনা ঘটে।

গুৱাবার এক সংবাদ সম্মেলনে জর্ডানের জননিরাপত্তা অধিদপ্তরের পরিচালক ওবাইদুল্লাহ আল-মায়তা জানান, হামুদ গ্রামের একটি গ্রিক অর্থোডক্স গির্জায় হামলায় সাতজনের মৃত্যু হয়েছে। আহতদের মধ্যে ২৭ জন হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন।

হামলাকারীদের শনাক্ত ও গ্রেপ্তারে অভিযান চলছে বলে জানান আল-মায়তা। তিনি বলেন, হামলাকারীদের গ্রেপ্তার করা হবে এবং দেশের জাতীয় ঐক্য ক্ষতিগ্রস্ত হতে দেওয়া হবে না। হামলা থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের ভাষ্য, শেষকৃত্যের শোভাযাত্রা শুরু হওয়ার পর তাঁরা বিস্ফোরণের শব্দ শুনতে পান। এরপর মুখোশ পরা কয়েকজন হামলাকারী গির্জার ভেতরে ঢুকে কয়েক মিনিট ধরে গুলি চালায়।

রাষ্ট্রীয় টেলিভিশন চ্যানেল আল-মামলাকার খবরে বলা হয়েছে, ঘটনার পর গির্জাটিতে নিরাপত্তা বাহিনী মোতায়েন করা হয়েছে। গুলি চালানোর পর একটি যানবাহন থেকে নেমে আসা দুই সন্দেহভাজনকে ধাওয়া করছে নিরাপত্তা বাহিনী।

এখন পর্যন্ত কোনো ব্যক্তি বা গোষ্ঠী এ হামলার দায় স্বীকার করেনি।